

## The Determiner | Definition, Types , Examples & Use

Determiners হচ্ছে ইংরেজি ভাষার অপরিহার্য অংশ,

এটি Noun বা Pronoun -এর পূর্বে বসে এর সঠিক পরিচয় নির্দেশ

করে। উদাহরণস্বরূপ, "a, an, the" ইংরেজি ভাষায় নির্দিষ্টতা এবং

অনির্দিষ্টতা বোঝাতে ব্যবহৃত হয়। আর "my, your, his, her, its,

our, their" মালিকানা কে নির্দেশ করে। "some, any, many, few,

several" একটি বস্তুর পরিমাণ বুঝাতে সাহায্য করে, আর "one,

two, three" সংখ্যা নির্দেশ করে। এই অধ্যায়ে আমরা Determiner

এর সংজ্ঞা, প্রকারভেদ, বাংলা অর্থসহ উদাহরণ এবং এর

ব্যবহার সম্পর্কে জানার চেষ্টা করব। চলুন তাহলে শুরু করা

যাক।

## What is a Determiner?

---

যে সব শব্দ বা শব্দগুচ্ছ কোন Noun বা Pronoun-এর পূর্বে বসে

এর সংখ্যা, পরিমাণ, নির্দিষ্টতা, অনির্দিষ্টতা ইত্যাদি নির্দেশ করে

তাকে Determiner বলে।

যেমন: Some, Any, Many, A, An, The, Few ইত্যাদি। এগুলো

দেখতে সহজ হলেও বাক্যের অর্থ ও ব্যঞ্জনা প্রকাশে এরা অত্যন্ত

গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

1. Ali is a boy.
2. The cow is useful to us.
3. I need three books.
4. This is our college.
5. I have a few friends.
6. I have little rice.

উপরের Sentence-গুলোতে boy, cow, books, college, friend, rice

এ Noun - গুলির পূর্বে যথাক্রমে a, the, three, our, a few, little

শব্দগুলো বসে উক্ত Noun-গুলিকে modify করেছে অর্থাৎ

তাদের সম্পর্কে অতিরিক্ত তথ্য সরবরাহ করেছে অথবা তাদের

সংখ্যা বা পরিমাণ নির্দেশ করেছে। তাই উক্ত শব্দগুলো

Determiner হিসেবে ব্যবহৃত হয়েছে।

সুতরাং দেখা যাচ্ছে যে, Singular, Plural, Countable, Uncountable

সবধরনের Noun-এর পূর্বে এবং পরে কিছু শব্দ যোগ করে তাদের

দোষ বা গুণ প্রকাশ করা যায় বা তাদের সম্পর্কে আরো তথ্য

সরবরাহ করা যায়।

**Premodifiers:** যে সব শব্দ noun-এর পূর্বে বসে Noun কে

modify করে তাদেরকে Premodifiers বলে।

**Post Modifiers** : যে সকল শব্দ noun -এর পরে বসে noun -কে modify করে তাকে Post Modifiers বলে।

যেহেতু Determiner noun -এর পূর্বে বসে noun -এর সম্পর্কে অতিরিক্ত তথ্য দেয়, তাই Determiner ও এক ধরনের Premodifiers.

### **Classification of Determiner.**

---

Determiner কে সাধারণত: ২ ভাগে ভাগ করা যায় যথা : ১. নির্দিষ্টতা বা অনির্দিষ্টতা বুঝাতে ২. সংখ্যা বা পরিমাণ নির্দেশ করতে

১. কোন ব্যক্তি বা বস্তুকে নির্দিষ্ট বা অনির্দিষ্টভাবে বুঝাতে নিচের

Determiner গুলো ব্যবহৃত হয়।

Article : 'A', 'An' এবং 'The'.

Possessive : My, Your, His, Her, Its, Your, Their, One's, Whose,  
etc.

Demonstrative : This, These, That, Those, etc.

২. কোন ব্যক্তি বা বস্তুর সংখ্যা বা পরিমাণ নির্দেশ করতে নিচের

Determiner                      গুলো                      ব্যবহৃত                      হয়।

Some, Any, Much, Many, Each, Every, Little, Few, What,  
Which, One, Two, Three etc.

## Countable and Uncountable Noun

---

Determiner এর ব্যবহার সম্পর্কে ভালভাবে জানতে হলে

Countable and Uncountable noun > এর ধারণা আগে থেকেই

স্পষ্ট থাকতে হবে । কারণ বেশিরভাগ ক্ষেত্রে এর উপর নির্ভর

করেই Determiner এর ব্যবহার সঠিকভাবে করতে পারবেন ।

চলুন তাহলে জেনে আসি ।

### Countable Noun

---

**Definition:** A countable noun is the name of anything which

can be counted by number. (যে বস্তুর সংখ্যা গণনা করা যায় তার

নামকে countable noun বলে)

**Examples :** flower (ফুল), child (শিশু), book (বই), pen, star (তারা), river (নদী) ইত্যাদি জিনিস একটি, দুইটি, তিনটি ইত্যাদি সংখ্যা দিয়ে গণনা করা যায় বলে এই সব noun কে countable noun বলে ।

### Uncountable Noun

---

**Definition:** An uncountable noun is the name of anything that cannot be counted by numbers and may be measured by some other units only. (যে সকল বস্তু সংখ্যা দ্বারা গণনা করা যায় না, শুধু অন্য কোন উপায়ে পরিমাপ করা গেলেও যেতে পারে তাদের নামকে uncountable noun বলে।)



**Examples :** Table কাঠ বা wood দিয়ে তৈরী করা হয়। সুতরাং

এটি হল একটি countable noun. কিন্তু wood বা কাঠ গোনা যায়

না বলে এটি হল uncountable noun. এভাবে কোন abstract noun

ও uncountable noun. যেমন, ক্ষমা বা forgiveness. এটি একটি

abstract Noun. একে গণনা করা যায় না বলে এটি হল

uncountable noun. এভাবে, water, salt, virtue (গুণ), honesty

(সততা), air, sight (দৃশ্য, দৃষ্টি), beauty (সৌন্দর্য) ইত্যাদি হল

uncountable noun.

## বহুল ব্যবহৃত Determiner-এর তালিকা

---

i. Articles:	a, an, the.
ii.  Demonstratives:	this, these, that, those.
iii. Possessives:	my, our, your, their, his, her its, Ruman's.
iv. Quantifiers:	some, any, no, every, either, neither, each, enough, much, a lot of, little, much, more, less most many, few, several, a great number, plenty of, a good deal of, a great deal of, a great amount of, a lot of, lots of,

	a good/great many.
v. Cardinal	
Numerals:	one, two, three, four, five etc.
vi. Ordinal	
Numerals:	first, second, third etc.
vii. General	next, last, other, the other, another,
Ordinals:	further.
viii. Wh	what, which, whose, whatever,
Determiners:	whichever.

## Determiner-এর ব্যবহার

---

### RULE-1: Many + Countable Noun

অর্থাৎ countable noun এর সাথে many (অনেক) ব্যবহৃত হয়।

যেমন:

(1) তার অনেক বই আছে - He has **many** books.

(2) অনেক বালক সেখানে খেলছে- **many** boys are playing there.

(3) সে অনেকগুলো থালা ভেঙেছে—She has broken **many** plates.

(4) এ বিষয়ে অনেক নিয়ম আছে—There are **many** rules

regarding this matter.

[Note: countable noun -এর সাথে much ব্যবহৃত হয় না।]

## **RULE-2: A Few + Countable Noun**

A few = কয়েকজন, কয়েকটি ইত্যাদি

(1) আমার অল্প কয়েকটি বই আছে - I have **a few** books.

(2) তার অল্প কয়েকজন বন্ধু আছে – He has **a few** friends.

(3) অল্প কয়েকজন লোক সেখানে গিয়েছিল — **a few** people

went there.

[Note : A few আর few এর অর্থ এক নয়। নিচে তা প্রমাণিত

হবে। ]

### **RULE-3 : Few + Countable Noun**

এখানে few (a few নয়) অর্থ “নেই বললেই চলে।” যেমন :

(1) আমার এখানে কোন বন্ধু নেই বললেই চলে—I

have **few** friends here.

(2) আমাদের দেশে শিক্ষিত মহিলা নেই বললেই চলে — There

are **few** educated women in our country.

(3) সে অংক পরীক্ষায় নম্বর পায়নি বললেই চলে (অর্থাৎ, যেমন,

৪ বা ৫ পেয়েছে) He has obtained **few** marks in the math. exam.

[Note : countable noun-এর সাথে যেখানে few বা a few

**ব্যবহৃত হয় uncountable noun এর ক্ষেত্রে সেখানে**

যথাক্রমে little ও a little ব্যবহৃত হয়। পরে এসব জানা যাবে। ]

#### **RULE-4: Much+ Uncountable Noun**

Countable noun-এর সাথে “অনেক” বুঝাতে many ব্যবহৃত হয়,

কিন্তু uncountable noun-এর সাথে একই অর্থে much ব্যবহৃত

হয়। যেমন,

তার অনেক বন্ধু আছে – He has **many** friends, কিন্তু এই পুকুরে

অনেক পানি”—বাক্যটি ইংরেজিতে লিখতে হবে—There is (are

নয়) **much** (many নয়) water in this pond.

এবার আরও কয়েকটি উদাহরণ দেখ :

(1) এ বিষয়ে আমার অনেক সন্দেহ আছে—I have **much** doubt about it.

(2) প্রতিদিন ৩টি করে ডিম আমাদের অনেক শক্তি দেয়—Three eggs per day give us **much** strength.

(3) তার অনেক দয়া — He has **much** kindness.

### **RULE-5 : Little + Uncountable Noun**

Countable noun-এর সাথে যে অর্থে few ব্যবহৃত হয় সেই একই

অর্থে uncountable noun -এর সাথে little ব্যবহৃত হয়। যেমন :

(1) পাত্রে পানি নেই বললেই চলে : There is **little** water in the pot.

(2) এ বিষয়ে আমার কোন জ্ঞান নেই বললেই চলে—I



have **little** knowledge about it.

(3) আমাকে দুধ প্রায় দেওয়াই হয় না : I am given **little** milk.

### **RULE-6 : More + Countable / Uncountable Noun**

যেহেতু many এবং much উভয়ের comparative degree হল more,

সুতরাং more countable এবং uncountable উভয় noun এর ক্ষেত্রে

ব্যবহৃত হয়। যেমন :

(1) আরও বেশি পানি দরকার — **More** water is needed.

(uncountable).

(2) আরও বেশি লোক দরকার — **More** people are needed.

(countable).

(3) সে কি আরও বেশি টাকা চায়? Does he want **more** money?

## **RULE-7: Fewer + Countable Noun**

Rule—3 দেখ । এবার নিচের sentence গুলো পড়।

(1) আজ তার কথায় কম মিথ্যা আছে— There are **fewer** lies in his speech today.

(2) আরো কম সংখ্যক বই বিক্রি করা হয়েছিল— **Fewer** books were sold.

(3) আজ বাড়ির কাজ হিসেবে আরও কম সমস্যা দেওয়া হয়েছে—Today **fewer** problems have been given as assignment.

সুতরাং দুইটির মধ্যে তুলনায় একটি কম এরূপ বুঝালে

countable noun -এর আগে fewer বসে। এটি হল few এর comparative.

### **RULE-8: Less + Uncountable Noun**

Fewer যে অর্থে countable noun এর সাথে ব্যবহৃত হয় সেই অর্থে

uncountable noun এর সাথে less ব্যবহৃত হয়। যেমন :

(1) এই পাত্রে ঐ পাত্রের চেয়ে কম পানি আছে—There

is **less** water in this pot than a in that pot.

(2) সে তার ভাইয়ের চেয়ে কম পয়সা খরচ করে - He

spends **less** money than his brother.

(3) তার গায়ের ওজন আমার গায়ের ওজনের চেয়ে কম - She

has **less** weight than I.

## **RULE-9 : Fewest + Countable Noun**

Few, fewer, fewest—এগুলো সব countable noun এর ক্ষেত্রে

প্রযোজ্য।

(1) তার সবচেয়ে কম সংখ্যক কলম আছে—She has the fewest

pens. (the এর ব্যবহার লক্ষ্য কর)

(2) আমি সবচেয়ে কম জায়গায় গিয়েছি - I have been to the

fewest places.

## **RULE-10 : Least + Uncountable Noun**

Much-less-least—সবই uncountable noun -এর ক্ষেত্রে ব্যবহৃত

হয়।

(1) এই গ্লাসে সবচেয়ে কম পানি ধরে—This glass contains  
the **least** water.

(2) সে সবচেয়ে কম বুঝে— He understands the **least** .

(3) মনে হয় মেয়েটি সবচেয়ে কম ভদ্রতা জানে— The girl  
seems to know the **least** gentility.

### **RULE-11: The few + Countable Noun**

“অল্পসংখ্যক”—কথাটাকে যদি নির্দিষ্ট করে বুঝানো হয় তাহলে  
the few ব্যবহৃত হয় ।

(1) যে সামান্য কয়জন লোক সেখানে গিয়েছিল, তারা যথেষ্ট ছিল

না - **The few** people that went there were not enough.

(2) আকবর ভারতের হাতে গোনা কয়েকজন রাজার চেয়ে মহান

ছিলেন— Akbar was greater than **The few** other kings of India.

(3) তোমার যে ক'খানা চেয়ার আছে এদিয়ে তুমি কি করতে চাও?

- What do you want to do with **The few** chairs (that) you have?

### **RULE-12 : Very few + Countable Noun**

এত “কম” যে খুব জোর দিয়ে বলার প্রয়োজন আছে—এরূপ

ক্ষেত্রে very few ব্যবহৃত হয়।

(1) বাংলাদেশের খুব কম জনগণই শিক্ষিত – **Very few** people of Bangladesh are educated.

(2) এই স্কুলের খুব কম মেয়েরাই সুন্দরী – **Very few** girls of this

school are beautiful.

(3) সে খুব কমই কথা বলে — He speaks **very few** words.

### **RULE-13 : The Very few + Countable Noun**

Rule 11-তে বেশি জোর দিয়ে এবং বেশি নির্দিষ্ট করে কিছু

বুঝাতে the very few ব্যবহার করা যেত । নিজে নিজে অভ্যাস  
কর।

### **RULE-14 : Most + Countable / Uncountable Noun**

much	more	most
many	more	most

অতএব, much ও many-এর superlative degree একই হওয়াতে

(অর্থাৎ most) most countable এবং uncountable উভয় noun এর

সাথেই ব্যবহৃত হতে পারে। যেমন :

(1) এখানকার অধিকাংশ (প্রায় সব) লোকই মুসলমান –

**Most** people of this place are Muslims.

(2) অধিকাংশ তাপই অপচয় হয়ে গিয়েছিল– **Most** heat was  
wasted.

(3) অধিকাংশ শিশুরাই মিষ্টি খেতে ভালবাসে - **Most** children are  
fond of eating sweetmeats.

**RULE-15 : Several + Countable Noun**

Several অর্থ কয়েক, কতিপয় ।



(1) কতিপয় ছাত্র/ছাত্রীরাই ঠিকমত পড়াশুনা করে—

**Several** students study regularly.

(2) কয়েকটি বড়ি হারিয়ে গেছে— **Several** pills are missing.

(3) কতিপয় লোক এই গন্ডগোল লাগিয়েছিল— **Several** people caused the chaos.

### **RULE-16 : The Rest of + Countable/Uncountable Noun**

the rest of = বাকি, অবশিষ্ট।

(1) সেখানে দশজন ছাত্র ছিল : দুইজন বিজ্ঞান বিভাগের,

তিনজন কলা বিভাগের, এবং বাকি সবাই বাণিজ্য বিভাগের ছাত্র।

- Ten students were there: two were of science group, three were of arts group, and **The rest of** them were of commerce group.

(2) তার বাকি কলমগুলো হারিয়ে গেছে—— **The rest of her**

pens have been lost.

(3) অবশিষ্ট জনগণ সেখানে বসে ছিল — **The rest of the people**

were sitting there.

#### **RULE-17 : Some + Countable / Uncountable Noun**

(1) আমি কিছু পানি চাই—I want **some** water.

(2) কিছু কিছু লোক এরকম বলে — **Some** people say so.

(3) আমি কিছু বই কিনেছি—I have bought **some** books.

#### **RULE-18 : Some of + Countable / Uncountable Noun**

(1) তাদের মধ্যে কেউ কেউ গিয়েছিল— **Some of** them went.

(2) তুমি এই দুধের কিছুটা পান করতে পার— You can

drink **Some of** the milk.

(3) কিছু কিছু গাছ ভেঙ্গে পড়েছিল — **Some of** the trees broke

down.

### **RULE-19 : Many of + Countable Noun**

(1) তাদের মধ্যে অনেকেই যাদু জানে— **Many of** them know

magic.

(2) বইগুলোর মধ্যে অনেকগুলোই ইংরেজিতে লেখা— **Many**

**of** the books are written in English.

## **RULE-20 : Much of + Uncountable Noun**

(1) পাত্রের অনেক দুধই বাসি – **Much of** the milk of the pot is stale.

(2) এই খাদ্যের অনেক অংশেই ভিটামিন আছে— **Much of** the food contains vitamins.

## **RULE-21 : Several of + Countable Noun**

(1) তাদের মধ্যে কয়েকজন খুব সৎ - **Several of** them are very honest.

(2) বাংলাদেশের কয়েকটি নদী অকেজো হয়ে পড়েছে—

**Several of** the rivers of Bangladesh have become useless.

